গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০০০.০৬৩.৯৯.০০০৪.২৫ (অংশ-১)-**৪৮৮**

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩৩ / ০২ জুলাই ২০২৬

**বিষয়: "বাংলাদেশ বিল্ডিং রেগুলেটারী কর্তৃপক্ষ আইন, ২০২৬" এর ধারা ১১ অনুযায়ী পৌরসভা এলাকা ব্যতীত সারাদেশে সুউচ্চ ভবন নির্মাণের লক্ষ্যে (BC Committee) কমিটি গঠন।**

সূত্র: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নং-২৫৭, তারিখ: ২৫/০৬/২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে "বাংলাদেশ বিল্ডিং রেগুলেটারী কর্তৃপক্ষ আইন, ২০২৬" এর ধারা ১১ অনুযায়ী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন উন্নয়ন কর্তৃপক্ষসমূহের আওতা বহির্ভুত এবং সিটি কর্পোরেশন ও পৌরসভার আওতাভুক্ত এলাকা ব্যতীত সারাদেশে সুউচ্চ ভবন নির্মাণের যাবতীয় নকশা অনুমোদনসহ নির্মাণ কার্যের সকল পর্যায়ে গুণগত মান বজায় রাখা ও সকল অংশীজনের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে সারাদেশের (জেলা ও উপজেলা পর্যায়ে) জন্য Building Construction Committee (BC Committee) গঠন সংক্রান্ত প্রজ্ঞাপনটি এ সাথে প্রেরণ করা হলো। প্রজ্ঞাপনে উল্লিখিত কমিটি এবং কমিটির কার্যপরিধি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে

০২/০৭/২০২৬
মো: সগীর হোসেন
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল-lgpaura1@lgd.gov.bd

প্রশাসক
পৌরসভা (সকল)....................

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ;
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ;
৪. সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন শাখা-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohpw.gov.bd

স্মারক নং: ২৫.০০.০০০০.০৫৩.০০৬.০১২.২০২৪.২৫৭ তারিখ: আষাঢ় ১৪৩৩ / ২৫ জুন ২০২৬

**প্রজ্ঞাপন**

"বাংলাদেশ বিল্ডিং রেগুলেটরী কর্তৃপক্ষ আইন, ২০২৬" এর ধারা ১১ অনুযায়ী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন উন্নয়ন কর্তৃপক্ষসমূহের আওতা বহির্ভুত এবং সিটি কর্পোরেশন ও পৌরসভার আওতাভুক্ত এলাকা ব্যতীত সারাদেশে সুউচ্চ ভবন নির্মাণের যাবতীয় নকশা অনুমোদনসহ নির্মাণ কার্যের সকল পর্যায়ে গুণগত মান বজায় রাখা ও সকল অংশীজনের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে সারাদেশের (জেলা ও উপজেলা পর্যায়ে) জন্য নিম্নরূপভাবে Building Construction Committee (BC Committee) গঠন করা হলো:

জেলা পর্যায়

| ক্রম | কর্মকর্তার নাম | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | সভাপতি |
| ২. | পুলিশ সুপার | সদস্য |
| ৩. | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ | সদস্য |
| ৪. | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি | সদস্য |
| ৫. | উপজেলা নির্বাহী অফিসার (সকল) | সদস্য |
| ৬. | মেয়র, পৌরসভা (সকল) | সদস্য |
| ৭. | স্থাপত্য অধিদপ্তর-এর প্রতিনিধি | সদস্য |
| ৮. | নগর উন্নয়ন অধিদপ্তর-এর প্রতিনিধি | সদস্য |
| ৯. | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর (বিল্ডিং অফিসিয়াল/অথরাইজড অফিসার) | সদস্য-সচিব |

উপজেলা পর্যায়

| ক্রম | কর্মকর্তার নাম | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী কর্মকর্তা | সভাপতি |
| ২. | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট থানা | সদস্য |
| ৩. | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) | সদস্য |
| ৪. | সহকারী কমিশনার (ভূমি), সংশ্লিষ্ট উপজেলা | সদস্য |
| ৫. | মেয়র, পৌরসভা-এর প্রতিনিধি (যদি থাকে) | সদস্য |
| ৬. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর-এর প্রতিনিধি | সদস্য |
| ৭. | উপ সহকারী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর | সদস্য |
| ৮. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি | সদস্য-সচিব |

**২. কার্যপরিধি:**

ক) এ কমিটি The Building Construction Act 1952, Bangladesh National Building Code 2020 ও বাংলাদেশ বিল্ডিং রেগুলেটরী কর্তৃপক্ষ আইন, ২০২৬ এবং সংশ্লিষ্ট অন্যান্য আইন ও বিধিতে বর্ণিত ক্ষমতা ও যাবতীয় কার্যাবলী পরিচালনা করবে;

খ) Bangladesh National Building Code 2020 (Volume 1, Part II) এর ১৭ ধারার ছক (টেবিল) ২.১.১ অনুযায়ী এ কমিটির অধিক্ষেত্র নির্ধারিত/নির্দিষ্ট হবে;

গ) উন্নয়ন কর্তৃপক্ষ, সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহের আওতা বহির্ভূত এলাকায় ভবনের ভারবহনের ক্ষমতা যাচাইসহ এর স্থাপত্য, কাঠামোগত, বৈদ্যুতিক, মেক্যানিক্যাল, প্ল্যাম্বিং ইত্যাদি নকশা অনুমোদন করবে। প্রযোজ্য ক্ষেত্রে স্থাপত্য নকশা বিধি অনুযায়ী প্রণীত হয়েছে কিনা সে বিষয়ে স্থাপত্য অধিদপ্তর এবং কাঠামোগত, বৈদ্যুতিক, মেক্যানিক্যাল, প্ল্যাম্বিং ইত্যাদি নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের পরিকল্পনা ও ডিজাইন (P&D), ই/এম (E/M) উইং কর্তৃক প্রয়োজন অনুযায়ী কারিগরি মতামত গ্রহণ করবে;

ঘ) Bangladesh National Building Code 2020 অনুসারে ভবনের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে এ কমিটি বিদ্যমান ইমারত নির্মাণ বিধিমালা ১৯৯৬, অগ্নি নিরাপত্তা আইন ২০০৩, বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫, বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ ও এ সংক্রান্ত প্রচলিত সকল আইন/কোড/বিধিমালা/নীতিমালা/ প্রবিধানমালা/পরিপত্র ইত্যাদি যথাযথভাবে অনুসরণ করবে;

ঙ) অনুমোদিত নকশা অনুযায়ী নির্মাণ কার্য তদারকির ক্ষেত্রে কমিটি ভবনের স্থাপত্য ও কাঠামোগত নকশা অনুসরণের পাশাপাশি সেটব্যাক, Maximum Ground Coverage (MGC), Floor Area Ratio (FAR), অগ্নিনিরাপত্তা, ভবনের জ্বালানী সক্ষমতা ইত্যাদি বিষয়সমূহ যথাযথভাবে বিবেচনা করবে;

চ) অনুমোদিত নকশা অনুযায়ী নির্মাণ কাজে কোনরূপ ব্যতিক্রম/ব্যত্যয় পরিলক্ষিত হলে কমিটি নির্মাণ কাজ স্থগিত, অনুমোদন বাতিলসহ অননুমোদিত অংশ ভেঙ্গে অপসারণের আদেশ জারি করতে পারবে। কমিটি জেলা প্রশাসকের নির্দেশক্রমে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে;

ছ) প্রযোজ্যক্ষেত্রে আইনানুগ স্বত্বাধিকারীর আবেদনের পরিপ্রেক্ষিতে নিয়ম অনুযায়ী Occupancy Certificate প্রদান করবে;

জ) প্রতিমাসে কমিটির কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হবে এবং ন্যূনতম ০৫ (পাঁচ) জন সদস্যের উপস্থিতিতে কোরাম গঠিত হবে; অনুষ্ঠিত প্রত্যেক সভায় কারিগরি সদস্যগণ (স্থপতি, প্রকৌশলী ও নগর পরিকল্পনাবিদ) উপস্থিত থাকবেন;

ঝ) কমিটি সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ এক/একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে, প্রয়োজন অনুযায়ী সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ/বিশেষজ্ঞ প্যানেল (Panel of Experts) গঠন করে তাদের মতামতের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

ঞ) কমিটি প্রতি ০৩ (তিন) মাস পর পর গৃহীত কার্যক্রম সম্পর্কে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করবে। অধিকন্তু কমিটি প্রয়োজন অনুযায়ী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে সুনির্দিষ্ট মতামত/সুপারিশ প্রেরণ করবে;

ট) কমিটি স্থানীয় সরকার বিভাগ কর্তৃক পৌরসভার অধিক্ষেত্রে গঠিত বিসি কমিটির সিদ্ধান্ত অনুমোদন, কার্যক্রম সমন্বয় ও পরিবীক্ষণ করবে। পৌরসভার অধীন এলাকার কোন নির্মাণকাজে Bangladesh National Building Code-এর কোনরূপ ব্যত্যয়/ব্যতিক্রম পরিলক্ষিত হলে এ কমিটি, জেলা প্রশাসকের নির্দেশক্রমে, মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে The Building Construction Act, 1952-এর ১২ ধারা মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে;

ঠ) কমিটি প্রযোজ্য ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ও সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরসমূহের প্রতিবেদন/মতামত গ্রহণ করতে পারবে;

ড) উপজেলা পর্যায়ে গঠিত কমিটি ৭ম তলা পর্যন্ত এবং জেলা পর্যায়ে গঠিত কমিটি তদুর্ধ্ব তলা অনুমোদন করিবে।

০৩. গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় থেকে ২৯ আগস্ট ২০২৩ তারিখের ২৫.০০.০০০০.০৫৩.০০৬.১২.২০১৯.২৮০ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনটি এ প্রজ্ঞাপন জারির তারিখ হতে অকার্যকর মর্মে গণ্য হবে।

০৪. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৫.০৩.২০২৪

(অভিজিৎ রায়)
যুগ্মসচিব
ফোন-০২-৫৫১০১৪৪৩
Email: adminsection3@mohpw.gov.bd

নম্বরঃ ২৫.০০.০০০০.০৫৩.০০৬.০১২.২০২৪।২৮৭

তারিখ: আষাঢ় ১৪৩৩ / ২৮ জুন ২০২৬

বিতরণ: সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
০২. সিনিয়র সচিব/সচিব ...স্থানীয় সরকার বিভাগ... সকল মন্ত্রণালয়/বিভাগ। তাঁর আওতাধীন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানকে অবহিতকরণের অনুরোধসহ)।
০৩. চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।
০৪. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
০৫. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০৬. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, স্থাপত্য ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০৭. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৮. চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/কক্সবাজার/গাজীপুর/সিলেট/বরিশাল/রংপুর/কুমিল্লা/ময়মনসিংহ/নারায়নগঞ্জ উন্নয়ন কর্তৃপক্ষ।
০৯. পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১০. চেয়ারম্যান, জেলা পরিষদ, (সকল)।
১১. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ।
১২. জেলা প্রশাসক, ..........................................................................।
১৩. পুলিশ সুপার, ..........................................................................।
১৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর (সংশ্লিষ্ট জেলা).....................।
১৭. মেয়র, পৌরসভা, (সকল)..........................................।
১৮. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)..................................।
১৯. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদ (সকল)................................।
২০. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
২১. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২২. সহকারী কমিশনার (ভূমি), সংশ্লিষ্ট উপজেলা..........................।
২৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট থানা..........................................।
২৩. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)..........................................।
২৪. উপ সহকারী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর (সংশ্লিষ্ট উপজেলা)...................।
২৫. উপজেলা প্রকৌশলী, এলজিইডি (সংশ্লিষ্ট উপজেলা)........................।

২৫.০৬.২০২৬

(অভিজিৎ রায়)
যুগ্মসচিব